ঢাকায় মুক্তিযোদ্ধা প্রতিনিধি সভা শনিবার

নিউজবিডি৭১ডটকম
ঢাকা : ঢাকায় মুক্তিযোদ্ধা প্রতিনিধি সভা আগামী ১৪ জুলাই শনিবার অনুষ্ঠিত হবে। আজ বৃহস্পতিবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

এতে বলা হয়, মুক্তিযুদ্ধ ও স্বাধীনতা বিরোধী সকল অপশক্তির বিরুদ্ধে রুখে দাঁড়াতে ‘মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন মঞ্চের উদ্যোগে ১৪ জুলাই সকাল ১০টায় রাজধানীর মহানগর নাট্যমঞ্চে মুক্তিযোদ্ধা প্রতিনিধি সভা অনুষ্ঠিত হবে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী ওবায়দুল কাদের। এই সভায় বিশেষ অতিথি হিসেবে থাকবেন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক এবং তথ্যমন্ত্রী ও জাসদ সভাপতি হাসানুল হক ইনু।

অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন নৌপরিবহন মন্ত্রী এবং মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন মঞ্চের সভাপতি শাজাহান খান।
নৌপরিবহন মন্ত্রী সভায় মুক্তিযোদ্ধা সংসদের কেন্দ্রীয়, মহানগর, উপজেলা ও জেলার সাবেক সহকারি কমান্ডার এবং মুক্তিযোদ্ধা চেতনা বাস্তবায়ন মঞ্চের সভাপতি ও সাধারণ সম্পাদকদের উপস্থিত থাকার আহবান জানিয়েছেন । সূত্র: বাসস

নিউজবিডি৭১/আ/জুলাই ১২ ,২০১৮